সংবাদ

তারিখ ... 20 APR 2017 ...
পৃষ্ঠা ১-১৬ ... কলাম ... ৪ ...

# শ্রমিকদের সন্তানের উচ্চশিক্ষায় সহায়তা দেয়া হবে

## —— শ্রম প্রতিমন্ত্রী

নিজস্ব বার্তা পরিবেশক

আগামী ৭ মে শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের তহবিল থেকে শ্রমিকদের সন্তানদের উচ্চশিক্ষায় শিক্ষা সহায়তা প্রদান করা হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাত দিয়ে এ সহায়তা প্রদান করা হবে বলে জানিয়েছেন শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী মো. মুজিবুল হক।

গতকাল 'ইন্টারন্যাশনাল লেবার অর্গানাইজেশন (আইএলও) কনভেনশনের ১৩৮ ধারা অনুস্বাক্ষর' শীর্ষক এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। দুপুরে শিল্পকলা একাডেমির (সেমিনার রুমে বাংলাদেশ সংবাদ সংস্থার (বাসস) 'বিএসএস ইনফোটেইনমেন্ট ডট নেট' অস্ট্রেলিয়ান এইড, সিএসআইডি ও ওয়ার্ল্ড ভিশনের সহযোগিতায় এ সভার অনুষ্ঠিত হয়। বাসসের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক আবুল কালাম আজাদ অনুষ্ঠানে সভাপতিত্বে এবং সংস্থার বিশেষ প্রতিনিধি মাহফুজা জেসমিনের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়নের (বিএফইউজে) সভাপতি

শ্রমিকদের : পৃষ্ঠা : ২ ক : ৫

## শ্রমিকদের : সন্তানের

(১৬ পৃষ্ঠার পর)

মনজুরুল আহসান বুলবুল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের যুগ্মসচিব খন্দকার মোস্তান হোসেন, সিএসআইডির নির্বাহী পরিচালক খন্দকার জহুরুল আলম। মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের অধ্যাপক ড. শাহ্‌না হুদা। মতবিনিময়ে আইন ও সালিশ কেন্দ্রের নির্বাহী পরিচালক শীপা হাফিজা, বাসসের ব্যবস্থাপনা সম্পাদক শাহরিয়ার শহীদ, ওয়ার্ল্ড ভিশনের এমপাওয়ারিং ওয়ার্কিং চিলড্রেন প্রোজেক্টের প্রোগ্রাম ম্যানেজার অগাস্টিন সুভাষ পিউরিফিকেশন, দৈনিক সংবাদের বার্তা সম্পাদক কাজী রফিক, বাসস-এর প্রধান প্রতিবেদক আশেকুন নবী চৌধুরী, গাজী টিভির প্রধান প্রতিবেদক রাজু আহমেদ, ঘাসফুল শিশু ফোরামের সম্পাদক সায়মা আকতার, আইএলও প্রতিনিধি মুনিরা সুলতানা, চ্যানেল আইয়ের সিনিয়র রিপোর্টার মোস্তফা মল্লিক প্রমুখ অংশ নেন। প্রতিমন্ত্রী বলেন, ২০২৫ সালের মধ্যে দেশ থেকে সব ধরনের শিশুশ্রম নিরসন করা হবে। ২০২১ সালের মধ্যে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসনের জন্য সরকার কাজ করছে। সরকার সব প্রকার ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসনের লক্ষ্যে দেশব্যাপী একটি জরিপ কার্যক্রম গ্রহণ করেছে। এ জরিপের মাধ্যমে দেখা হবে যে, সারাদেশে প্রকৃতপক্ষে কি পরিমাণ শিশু ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত রয়েছে।

তিনি বলেন, শিশু শ্রমিকদের সর্বনিম্ন বয়স নির্ধারণের ক্ষেত্রে আইএলও কনভেনশনের ১৩৮ ধারা অনুস্বাক্ষরের বিষয়ে সরকার আন্তরিক। এ কনভেনশন অনুস্বাক্ষরের আগে আমাদেরকে যথোপযুক্ত পরিবেশ সৃষ্টি করতে হবে। সমাজে এ বিষয়ে সচেতনতা বাড়াতে হবে। সমাজে ব্যক্তি পর্যায়ে সবাইকে ১৩৮ ধারার বিষয়গুলো মেনে চলতে হবে। যৌক্তিক পর্যায়ে পৌঁছালে সরকার ১৩৮ ধারা অনুস্বাক্ষর করবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.......................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর